বরিশাল বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সৃজনশীল

সময় — ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. বিশাল লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারের বিভক্ত ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানিটির রেওয়ামিল নিম্নরূপ ছিল:

বিশাল লি.
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৪ইং

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
দালানকোঠা	৩,০০,০০০	
কলকব্জা	২, ০০,০০০	
মজুত পণ্য (১-১-২০১৪)	৫০,০০০	
পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ)	২,০০,০০০	৫,৫৫,০০০
পরিবহন	৫০,০০০	
১৫% বিনিয়োগ (৩০-৬-২০১৪)	২,০০,০০০	
মজুরি	৫৫,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১,৬০,০০০	৪০, ,০০০
ভ্যাট চলতি হিসাব	২০,০০০	
বেতন	৫২,০০০	
শেয়ার মূলধন (৭০,০০০ শেয়ার)		৭,০০,০০০
সংরক্ষিত আয় (১-১-২০১৪)		৫০,০০০
৬% ঋণপত্র (১-৭-২০১৪)		১,০০,০০০
সাধারণ খরচাবলি	৭৪,০০০	
ভাড়া (৮০%)	৩০,০০০	
হাতে নগদ ও ব্যাংক জমা	১,২৪,০০০	
শেয়ার অধিহার		৭০,০০০
মোট =	১৫,১৫,০০০	১৫,১৫,০০০

সমন্বয়সমূহ: i. সমাপনী মজুদ, পণ্যের নিট মূল্য ৪৬,০০০ টাকা। সমাপনী মজুদ পণ্য মূল্যায়নের পূর্বে ১০,০০০ টাকা মূল্যের পণ্য আগুনে বিনষ্ট হয়েছিল যা বিমা দ্বারা নিশ্চয়তা ছিল না। ii. প্রাপ্য হিসাবের উপর ৫% ধরে অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে। iii. আয়করের জন্য নিট লাভের ৪০% সঞ্চিতি রাখতে হবে। iv. স্থায়ী সম্পত্তির উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. প্রদেয় ভাড়ার পরিমাণ নির্ণয় করো। ২
খ. যথোপযুক্ত ছকে মোট লাভ নির্ণয় করো। ৪
গ. ৩১-১২-২০১৪ তারিখে সম্পত্তির শ্রেণিবিন্যাস করে মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় করো। ৪

২. সাজ্জাদ লি. প্রতিটি ১০ টাকা করে ৫০,০০০ শেয়ারের বিভক্ত ৫,০০,০০০ অনুমোদিত মূলধনে নিবন্ধিত হল। কোম্পানিটি ৩০,০০০ শেয়ার ইস্যু করল। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানিটির রেওয়ামিল নিম্নরূপ ছিল:

সাজ্জাদ লি.
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১২ইং

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ইজারাকৃত সম্পত্তি (১০ বছর)	১,০০,০০০	
কলকব্জা ও যন্ত্রপাতি	১,৪০,০০০	
আসবাবপত্র	২০,০০০	
১৫% বিনিয়োগ (১-৭-২০১৪)	৮০,০০০	
সুনাম	৬০,০০০	
আয়কর প্রদান	১০,০০০	
বেতন	৪০,০০০	
মজুত পণ্য (৩১-১২-২০১৪)	৬০,০০০	
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ (১-৭-২০১৪)	৪০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৮০,০০০	৫০,০০০
শেয়ার মূলধন		৩,০০,০০০
সাধারণ সঞ্চিতি		৮০,০০০
অনাদায়ী পাওনা সঞ্চিতি		৫,০০০
সংরক্ষিত আয় (১-১-২০১৪)		৪০,০০০
মোট লাভ		১,২০,০০০
শেয়ার অধিহার		৩৫,০০০
	৬,৩০,০০০	৬,৩০,০০০

সমন্বয়নসমূহ: i. কলকব্জা ও যন্ত্রপাতির উপর ১০% হারে এবং আসবাবপত্রের উপর ২০% হারে অবচয় ধার্য করতে হবে। ii. প্রাপ্য হিসাবের উপর আরও ২,০০০ টাকা অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে। iii. অন্তবর্তীকালীন লভ্যাংশসহ বিলিকৃত শেয়ার প্রতি ২ টাকা করে চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করতে হবে। iv. আয়করের জন্য ৪০% সঞ্চিতি রাখতে হবে।

ক. প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয় করো। ২
খ. পরিচালন খরচ ও অপরিচালন খরচের মোট পরিমাণ নির্ণয় করো। ৪
গ. বৎসরের শেষে সংরক্ষিত আয়ের জের ১৫,০০০ টাকা হলে কোম্পানিটির শেয়ারহোল্ডাদের মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত করো। ৪

খ বিভাগ

৩. সোনালী ক্লাব এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

সোনালী ক্লাব
প্রাপ্তি ও প্রদান হিসাব
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

প্রাপ্তি	টাকা	প্রদান	টাকা
উদ্বৃত্ত- ১-১-২০১৪	৩০,০০০	বেতন	১৯,৫৫০
চাঁদা : ২০১৩ ৪০০		মনিহারী	৩,৭৫০
২০১৪ ২১,১০০		বৈদ্যুতিক সংস্থাপন ব্যয়	৬,২৫০
২০১৫ ৮০০	২২,৩০০	টেলিফোন	১,২৫০
আপ্যায়ন হতে মুনাফা	১৫,৭৫০	৪% বিনিয়োগ	১০,০০০
চারণ কর	১৫,০০০	আসবাবপত্র ক্রয়	২০,০০০
অনুদান	২০,০০০	বিবিধ খরচ	৮,৫০০
বিনিয়োগের সুদ	৪,০০০	উদ্বৃত্ত (৩১-১২-১৪)	৩৭,৭৫০
	১,০৭,০৫০		১,০৭,০৫০

সমন্বয়সমূহ: i. ক্লাবের ২৫০ জন সদস্য, তারা প্রত্যেকে বার্ষিক ১০০ টাকা করে চাঁদা প্রদান করে। ১-১-২০১৪ তারিখে অগ্রিম চাঁদার পরিমাণ ছিল ১,০০০ টাকা। ii. ৩১-১২-২০১৪ তারিখে ১,০০০ টাকা এবং ৩১-১২-২০১৪ তারিখে ১,৮০০ টাকার মনিহারি উদ্বৃত্ত ছিল। iii. টেলিফোন বিল ৭০০ টাকা প্রদেয় আছে এবং বিগত বছরের বিবিধ খরচ ১,৪০০ টাকা চলতি বছর পরিশোধ করা হয়েছে। iv. ১-১-২০১৪ তারিখে ৪% বিনিয়োগ ১,০০,০০০ টাকা এবং দালানকোঠা ১,০০,০০০ টাকা ছিল। দালানকোঠার উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে। v. অনুদানের ৫০% মুনাফাজাতীয় প্রাপ্তি বলে ধরতে হবে।

ক. ১-১-২০১৪ তারিখে ক্লাবটির প্রারম্ভিক দায়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৩১-১২-২০১৪ তরিখে ক্লাবের আয়-ব্যয় হিসাবের আয় পার্শ্বের সমষ্টি নির্ণয় করো। ৪
গ. ৩১-১২-২০১৪ তারিখে ক্লাবের মোট সম্পত্তি নির্ণয় করো। ৪

৪. অনিম, তানিম ও দানিম একটি অংশীদার ব্যবসায়ের তিনজন অংশীদার। ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১৫,০০০ টাকা; ১০,০০০ টাকা ও ১০,০০০ টাকা। দানিম তার সার্বক্ষণিক কাজের জন্য ব্যবসায় হতে মাসিক ২০০ টাকা বেতন পাবেন। অংশীদারগণের মূলধন ও উত্তোলন উভয়ের উপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। তারা ব্যবসায় হতে উত্তোলন করেন যথাক্রমে ৪,০০০ টাকা, ২,৫০০ টাকা এবং ২,০০০ টাকা। উত্তোলনের উপর যথাক্রমে ৯৫ টাকা, ৬০ টাকা ও ৫৫ টাকা সুদ ধার্য করা হয়। ২০১৪ সালের ১ জুলাই তারিখে অনিম ব্যবসায়ের প্রয়োজনে ৪,৮০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন।
বণ্টনযোগ্য লাভের ২০,০০০ টাকা পর্যন্ত অনিম, তানিম ও দানিম যথাক্রমে ৪০%, ২৫% এবং ৩৫% হারে পাবেন। বণ্টনযোগ্য লাভের অবশিষ্ট অংশ তাদের মধ্যে ৩ : ২ : ২ অনুপাতে বণ্টিত হবে। দানিম তার বেতনের টাকা ব্যবসায় থেকে প্রতি মাসে উত্তোলন করে নেন। উপরোক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের লাভ হয় ৩১,০৬০ টাকা।
ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় করো। ২
খ. অনিমের প্রাপ্ত মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪
গ. দানিমের বছর শেষে মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

৫. আক্তিদা কোম্পানি লি. প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১,০০,০০০ খানি সাধারণ শেয়ার বিভক্ত ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিবন্ধিত হলো। ২০১৪ সালের জানুয়ারি মাসের ১ তারিখে কোম্পানিটি ৫০,০০০ খানি শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রচার করল। জনসাধারণ ৫০,০০০ খানি শেয়ারের জন্য আবেদন করল। সম্পূর্ণ শেয়ার মূল্য আবেদনের সাথেই পরিশোধযোগ্য।
ক. কোম্পানিটি সমমূল্যের শেয়ার বিক্রি করলে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ২
খ. কোম্পানিটি ২০% অধিহারে শেয়ার বিলি করলে, প্রয়োজনীয় জাবেদা দাখিলা ও ব্যাংক হিসাব তৈরি করো। ৪
গ. কোম্পানিটি ২০% অবহারে শেয়ার বিলি করলে, প্রয়োজনীয় জাবেদা ও উদ্বর্তপত্র তৈরি করো। ৪

৬. পারুল কোং লি. এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী কতিপয় তথ্য নিম্নরূপ–

পারুল কোং লি.
আর্থিক অবস্থার বিবরণী
৩১শে ডিসেম্বর, ২০১৪ইং

মূলধন ও দায়	টাকা	সম্পত্তি	টাকা
শেয়ার মূলধন	২,২৫,০০০	সুনাম	৫৭,০০০
সাধারণ সঞ্চিতি	৪৫,০০০	দালানকোঠা	২,০০,০০০
সংরক্ষিত আয়	৩৩,৭৫০	যন্ত্রপাতি	৮০,০০০
১০% ঋণপত্র	১,১২,৫০০	আসবাবপত্র	৫০,০০০
প্রদেয় হিসাব	২২,৫০০	সমাপনী মজুদ পণ্য	৩৩,৭৫০
		প্রাপ্য হিসাব	২২,৫০০
ব্যাংক জমাতিরিক্ত	৪,৫০০	নগদ জমা	৪,৫০০

সমন্বয়সমূহ: i. প্রারম্ভিক মজুদ ২২,৫০০ টাকা, ii. নিট বিক্রয় ২,২৫,০০০ টাকা। iii. বিক্রয়ের উপর মোট লাভের হার ২০%।
ক. মালিকানা স্বত্ব নির্ণয় করো। ২
খ. মজুদ পণ্য আবর্তন ও দেনাদার আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪
গ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় করো। ৪

৭. হিয়া এন্ড কোং একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির ২০১৪ সালের তথ্যগুলো নিম্নরূপ:

বিবরণ	টাকা
মজুদ (১-১-২২০১৪):	
কাঁচামাল	১৫,০০০
চলতিকার্য	১০,৪০০
সমাপ্ত পণ্য	২৫,০০০
মজুদ (৩১-১২-২০১৪)	
কাঁচামাল	১০,০০০
চলতিকার্য	১২,০০০
সমাপ্ত পণ্য	১৫,০০০
কারখানা বিদ্যুৎ খরচ	৫,০০০
কারখানা ভাড়া	৮,০০০
প্রত্যক্ষ খরচ	৪,০০০
পরোক্ষ শ্রম	৮,৫০০
কারখানার বিবিধ খরচ	৯,০০০
প্রশাসনিক খরচ	২০,৬০০
বিক্রয় খরচ	৩৩,৪০০
কাঁচামাল ক্রয়	৬৭,০০০

প্রত্যক্ষ মজুরী: ১৪,০০০ ঘণ্টা, প্রতি ঘণ্টা ২ টাকা করে, মুনাফা বিক্রয়ের উপর ২০%।
ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২
খ. মুখ্য ব্যয় ১,০৪,০০০ টাকা হলে উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. উপরের 'খ' অংশে নির্ণিত ব্যয় এর ভিত্তিতে বিক্রয় মূল্য নির্ণয় করো। ৪

৮. সোমা ম্যানুফ্যাকচারিং কোম্পানি এর ২০১৪ সালের ডিসেম্বর মাসের কাঁচামাল ক্রয় এবং ইস্যু সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:–
২০১৪
ডিসে. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২০০ একক @ টাকা ৫.০০
" ৫ ক্রয় ১০০ একক @ টাকা ৫.২০
" ৮ ইস্যু ২৪০ একক
" ১০ ইস্যু ২০ একক
" ১৫ ক্রয় ১৬০ একক @ টাকা ৫.৪০
" ১৮ ইস্যু ১০০ একক
" ২০ ক্রয় ২০০ একক @ টাকা ৫.৬০
" ২৯ ইস্যু ১৬০ একক
" ৩১ কারখানা হতে ফেরত ২০ একক
গুদামরক্ষক ২৬ তারিখে ২০ একক মাল ঘাটতি পেয়েছেন।
ক. ডিসেম্বর মাসের মোট ক্রয়ের পরিমাণ (একক) নির্ণয় করো। ২
খ. ১, ৫, ৮ ও ২৬ তারিখের তথ্য ব্যবহার করে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪
গ. ১, ৫, ১৮ ও ২০ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

৯. একটি কোম্পানি বলপেন উৎপাদন করে বিক্রয় করে থাকে। কোম্পানি বিক্রয় ও ব্যয় সংক্রান্ত তথ্য নিম্নরূপ:–

	টাকা
প্রতিটি কলমের বিক্রয় মূল্য	১০.০০
প্রতিটি কলমের ব্যয়:	
প্রত্যক্ষ কাঁচামাল	২.০০
প্রত্যক্ষ মজুরী	১.০০
পরিবর্তনশীল কারখানা উপরিব্যয়	১.০০
পরিবর্তনশীল বিক্রয় উপরিব্যয় বিক্রয় মূল্যের ১০%	
বার্ষিক স্থির ব্যয় ২,০০,০০০ টাকা।	

ক. একক প্রতি পরিবর্তনশীল ব্যয় নির্ণয় করো। ২
খ. সমচ্ছেদ বিন্দু নির্ণয় করে (টাকায় ও এককে) ৪
গ. কোম্পানি বছরে ৬০,০০০টি কলম বিক্রয় করে করে থাকলে নিরাপত্তাপ্রাপ্ত (টাকায়) ও মুনাফা (টাকায়) নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. **উত্তর :** ক. প্রদেয় ভাড়ার পরিমাণ ৭,৫০০ টাকা। খ. মোট লাভ ২,০৯,৬৯৬ টাকা। গ. মোট সম্পত্তির পরিমাণ ৯,৮৭,০০০ টাকা।
২. **উত্তর :** ক. প্রদেয় লভ্যাংশের পরিমাণ ২০,০০০ টাকা। খ. মোট পরিচালন ও অপরিচালন খরচের পরিমাণ ৭০,০০০ টাকা। গ. মালিকানাস্বত্ব বিবরণীর যোগফল ৪,৩০,০০০ টাকা।
৩. **উত্তর :** ক. প্রারম্ভিক দায়ের পরিমাণ ২,৪০০ টাকা। খ. মোট আয় সমষ্টি ৬৯,৭৫০ টাকা। গ. মোট সম্পত্তির পরিমাণ ২,৬৭,৪৫০ টাকা।
৪. **উত্তর :** ক. অংশীদারদের মূলধনের সুদ : অনিম ৮৭০ টাকা; তানিম ৫০০ টাকা এবং দানিম ৫০০ টাকা। খ. অনিমের প্রাপ্ত মুনাফার পরিমাণ ১২,০২৯ টাকা। গ. দানিমের মূলধনের পরিমাণ ১৮,১৩১ টাকা।
৫. **উত্তর :** ক. জাবেদার যোগফল ১০,০০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১২,০০,০০০ টাকা। ব্যাংক জমার উদ্বৃত্ত ৬,০০,০০০ টাকা। গ. জাবেদার যোগফল ৯,০০,০০০ টাকা। উদ্বর্তপত্রের যোগফল ৫,০০,০০০ টাকা।
৬. **উত্তর :** ক. মালিকানাস্বত্ব ৩,০৩,৭৫০ টাকা। খ. মজুদ পণ্য আবর্তন অনুপাত ৬.৪০ বার; দেনাদার আবর্তন অনুপাত ১০ বার। গ. চলতি অনুপাত ২.২৫ : ১; ত্বরিত অনুপাত ১.২০ : ১
৭. **উত্তর :** ক. ব্যবহৃত কাঁচামাল ব্যয় ৭২,০০০ টাকা। খ. মোট উৎপাদন ব্যয় ১,৩৪,৫০০ টাকা। গ. বিক্রয়মূল্য ২,০৪,৩৭৫ টাকা।
৮. **উত্তর :** ক. মোট ক্রয়ের পরিমাণ ৪৬০ একক। খ. সমাপনী মজুদ পণ্য ৪০ একক, মূল্য ২০৮ টাকা। গ. সমাপনী মজুদ ৪০০ একক এবং মূল্য ২,১৩৩ টাকা।
৯. **উত্তর :** ক. একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৫ টাকা। খ. সমচ্ছেদ বিন্দু (একক) ৪০,০০০ একক; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৪,০০,০০০ টাকা। গ. নিরাপত্তা প্রাপ্ত (টাকায়) ২,০০,০০০ টাকা; মুনাফা (টাকায়) ১,০০,০০০ টাকা।

বরিশাল বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান— ৪০ বিষয় কোড : ২ ৫ ৪

১. প্রাপ্তি ও প্রদান হিসাবে কোন জাতীয় লেনদেন লিপিবদ্ধ করা হয়?
(ক) মুনাফা জাতীয় আয়
(খ) মুনাফা জাতীয় ব্যয়
(গ) মূলধন ও মুনাফা জাতীয় আয়-ব্যয়
(ঘ) মূলধন ও মুনাফা জাতীয় ব্যয়

২. অংশীদারী ব্যবসায়ে সর্বনিম্ন সদস্য সংখ্যা কত হতে হবে?
(ক) ২ জন (খ) ৪ জন
(গ) ২০ জন (ঘ) ৫০ জন

উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও।
জনতা ক্লাবের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর প্রাপ্তি ও প্রদান হিসাবে বেতন বাবদ প্রদান ৬৪,০০০ টাকা, যার মধ্যে ৪,০০০ টাকা অগ্রিম বেতন অন্তর্ভুক্ত রয়েছে এবং মোট বেতনের ¼ অংশ বকেয়া রয়েছে।

৩. বকেয়া বেতনের পরিমাণ কত?
(ক) ১৫,০০০ টাকা (খ) ১৬,০০০ টাকা
(গ) ২০,০০০ টাকা (ঘ) ২৪,০০০ টাকা

৪. সংশ্লিষ্ট বছরের মোট বেতনের পরিমাণ কত?
(ক) ৬০,০০০ টাকা (খ) ৬৪,০০০ টাকা
(গ) ৬৮,০০০ টাকা (ঘ) ৮০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও।
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব কামালের ঋণ হিসাবের উদ্বৃত্ত ছিল ৫০,০০০ টাকা। ঐ বছর ১ জুলাই ১০,০০০ টাকার ঋণ পরিশোধ করা হয়েছে। সুদের হার ১০%

৫. বছর শেষে ঋণের সুদের পরিমাণ কত?
(ক) ২,৫০০ টাকা (খ) ৫,০০০ টাকা
(গ) ৫,৫০০ টাকা (ঘ) ৬,০০০ টাকা

৬. ১ জুলাই ২০১৪ তারিখে তিনি আরও ২০,০০০ নতুন ঋণ গ্রহণ করলে সমাপনী ঋণের পরিমাণ কত হবে?
(ক) ৫০,০০০ টাকা (খ) ৬০,০০০ টাকা
(গ) ৭০,০০০ টাকা (ঘ) ৮০,০০০ টাকা

৭. অনগদ ব্যয় কি?
(ক) যে ব্যয়ের জন্য নগদ অর্থের বহির্গমন ঘটে
(খ) যে ব্যয়ের জন্য নগদ অর্থের আগমন ঘটে
(গ) যে ব্যয়ের জন্য নগদ অর্থের আগমন ঘটে না
(ঘ) যে ব্যয়ের জন্য নগদ অর্থের বহির্গমন ঘটে না

৮. শেয়ার অধিহার হলো—
(ক) মূলধন জাতীয় আয় (খ) মুনাফা জাতীয় ব্যয়
(গ) মুনাফা জাতীয় আয় (ঘ) মূলধন জাতীয় ব্যয়

৯. কোনটি চলতি সম্পদ?
(ক) নগদ (খ) প্রাথমিক খরচাবলি
(গ) সুনাম (ঘ) গবেষণা ব্যয়

১০. বিন কার্ডে অন্তর্ভুক্ত থাকে—
i. মালের আগমন ii. মালের নির্গমন
iii. মালের মূল্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. কারখানার উপরিব্যয় কোনটি?
(ক) প্রত্যক্ষ মজুরী (খ) পরোক্ষ মজুরী
(গ) প্রত্যক্ষ কাঁচামাল (ঘ) বেতন

১২. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়-ব্যয় এর উদ্বৃত্ত নির্ণয়ের জন্য কোন হিসাব প্রস্তুত করা হয়?
(ক) লাভ-ক্ষতি হিসাব (খ) আয়-ব্যয় হিসাব
(গ) মূলধন তহবিল (ঘ) আর্থিক অবস্থার বিবরণী

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
মি. জেমিন ২০১৪ সালের জানুয়ারি ১ তারিখে ২০০ একক পণ্য ২০ টাকা দরে, জানুয়ারি ৭ তারিখে ৩০০ একক পণ্য ৩০ টাকা দরে ক্রয় করে এবং জানুয়ারি ৩১ তারিখে ২৫০ একক পণ্য ইস্যু করে।

১৩. সরল গড় পদ্ধতিতে একক প্রতি পণ্যের মূল্য কত?
(ক) ২০ টাকা (খ) ২৫ টাকা
(গ) ২৬ টাকা (ঘ) ৩০ টাকা

১৪. FIFO পদ্ধতিতে ইস্যুকৃত পণ্যের মূল্য কত?
(ক) ৫,০০০ টাকা (খ) ৫,৫০০ টাকা
(গ) ৬,২০০ টাকা (ঘ) ৭,৫০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও।
গৌতম ট্রেডার্সের ২০১৪ সালের ৩০ জুন তারিখে স্থায়ী ব্যয় ২০,০০০ টাকা, একক প্রতি বিক্রয় ১৫ টাকা, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৫ টাকা এবং উৎপাদন ও বিক্রয়ের পরিমাণ ৪০০০ একক।

১৫. একক প্রতি স্থায়ী ব্যয় কত?
(ক) ৫ টাকা (খ) ১০টাকা
(গ) ১৫ টাকা (ঘ) ২০ টাকা

১৬. উক্ত প্রতিষ্ঠানটির একক প্রতি বিক্রয়মূল্য ২০% বৃদ্ধি পেলে এবং পরিবর্তনশীল ব্যয় একক প্রতি ২ টাকা বৃদ্ধি পেলে মোট লাভের কি পরিমাণ হ্রাস বা বৃদ্ধি ঘটবে?
(ক) ২০,০০০ টাকা (খ) ২২,০০০ টাকা
(গ) ৪০,০০০ টাকা (ঘ) ৪২,০০০ টাকা
[সঠিক উত্তর: ৪,০০০ টাকা।]

১৭. রূপান্তরিত ব্যয় কি?
(ক) প্রত্যক্ষ কাঁচামালের ব্যয় ও কারখানার উপরিব্যয়
(খ) উৎপাদন ব্যয় ও কারখানা ব্যয়
(গ) উৎপাদন ব্যয় ও বিক্রয় ব্যয়
(ঘ) প্রত্যক্ষ মজুরী ও কারখানা উপরিব্যয়

১৮. অংশীদারি ব্যবসায়ের বৈশিষ্ট্যসমূহ হল —
i. চুক্তি নির্ভর ii. অসীম দায়
iii. বাধ্যতামূলক নিবন্ধন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. কোনটি পরিচালনা কার্যক্রমের অংশ নয় —
(ক) পণ্য বিক্রয় ও সেবা হতে নগদ প্রাপ্তি
(খ) কর্মচারীদের নগদ প্রদান
(গ) শেয়ার ও ঋণপত্র ক্রয় বাবদ নগদ প্রদান
(ঘ) বীমা দাবীর বিপক্ষে নগদ প্রাপ্তি

২০. নতুন আয়কর সঞ্চিতি কোথায় দেখানো হয়?
(ক) উৎপাদন ব্যয় বিবরণীতে (খ) রক্ষিত আয় বিবরণীতে
(গ) শুধু আয় বিবরণীতে
(ঘ) আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে

২১. শেয়ার ও ঋণপত্র দেখানো হয় —
(ক) আয় বিবরণীতে
(খ) আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পাশে
(গ) আর্থিক অবস্থার বিবরণীর দায় পাশে
(ঘ) রক্ষিত আয় বিবরণীতে

২২. মুখ্য ব্যয় হল —
(ক) প্রত্যক্ষ কাঁচামাল + পরোক্ষ শ্রম + প্রত্যক্ষ খরচ
(খ) প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ শ্রম + প্রত্যক্ষ খরচ
(গ) প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ শ্রম + কারখানার উপরিব্যয়
(ঘ) প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ শ্রম + পরোক্ষ খরচ

২৩. মুদ্রাস্ফীতির সময় LIFO পদ্ধতিতে মাল ইস্যু করলে সমাপনী মজুদ পণ্যের মূল্য FIFO পদ্ধতির মূল্যের চেয়ে —
(ক) বেশি হবে (খ) কম হবে
(গ) সমান হবে (ঘ) কিছুই হবে না

২৪. মিশ্র ব্যয়ের উপাদান কোনটি?
(ক) স্থায়ী ব্যয় (খ) পরিবর্তনশীল ব্যয়
(গ) কারখানা ব্যয় (ঘ) স্থায়ী ও পরিবর্তনশীল ব্যয়

২৫. চলতি অনুপাতের আদর্শমান কত?
(ক) ১ : ১ (খ) ১ : ২
(গ) ১ : ৩ (ঘ) ২ : ১

উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
আর.এফ.এল কোম্পানির ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে খরিদ্দারের নিকট থেকে নগদ প্রাপ্তি ১২,০০,০০০ টাকা সরবরাহকারীকে নগদ প্রদান ৬,০০,০০০ টাকা, আয়কর প্রদান ৬০,০০০ টাকা, পরিচালনা খরচ প্রদান ১,৬০,০০০ টাকা, যন্ত্রপাতি ক্রয় ২,০০,০০০ টাকা, পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ১,০০,০০০ টাকা, সিকিউরিটি বিক্রয় ৪০,০০০ টাকা।

২৬. পরিচালনা কার্যক্রম থেকে নগদ প্রবাহের পরিমাণ কত?
(ক) ৩,৮০,০০০ টাকা (খ) ৪,৮০,০০০ টাকা
(গ) ৫,৮০,০০০ টাকা (ঘ) ৬,০০,০০০ টাকা

২৭. বিনিয়োগ কার্যক্রম থেকে নগদ প্রবাহের পরিমাণ কত?
(ক) ৬০,০০০ টাকা (খ) ১,০০,০০০ টাকা
(গ) ৩,০০,০০০ টাকা (ঘ) ৪,৬০,০০০ টাকা

২৮. রাতুল এন্ড কোম্পানির ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কর পরবর্তী মুনাফা (নীট মুনাফা) ১,০০,০০০ টাকা, করের হার ৫০% হলে কর পূর্ববর্তী মুনাফা কত?
(ক) ২,০০,০০০ টাকা (খ) ১,৫০,০০০ টাকা
(গ) ৭৫,০০০ টাকা (ঘ) ৫০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
আর. কে ফ্যান লিমিটেডের ডিসেম্বর ৩১, ২০১৪ সালের হিসাব বইতে নিম্নলিখিত তথ্যগুলো পাওয়া গেল :
নগদ ২০,০০০ টাকা, বিবিধ দেনাদার ১,০০,০০০ টাকা, মজুদপণ্য ৪০,০০০ টাকা, পাওনাদার ৭৬,০০০ টাকা, যন্ত্রপাতি ৬০,০০০ টাকা, সুনাম ৫০,০০০ টাকা, বকেয়া বেতন ৪,০০০ টাকা, অগ্রিম প্রদত্ত বাড়ী ভাড়া ১০,০০০ টাকা, ব্যাংকে জমাতিরিক্ত ৫,০০০ টাকা।

২৯. চলতি সম্পত্তির পরিমাণ কত?
(ক) ৮০,০০০ টাকা (খ) ১,২০,০০০ টাকা
(গ) ১,৭০,০০০ টাকা (ঘ) ২,৭০,০০০ টাকা

৩০. তড়িৎ অনুপাত হবে?
(ক) ২.৫ : ১ (খ) ২ : ১
(গ) ১.৫ : ১ (ঘ) ১ : ১

উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও।
আয়ান ম্যানুফ্যাকচারিং কোম্পানির হিসাব বইতে ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে মালের প্রারম্ভিক মজুদ ৬০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরী ৪০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ২০,০০০ টাকা, কাঁচামাল ক্রয় ৪০,০০০ টাকা এবং কাঁচামালের সমাপনী মজুদ ২০,০০০ টাকা ছিল।

৩১. মুখ্য ব্যয়ের পরিমাণ কত?
(ক) ৬০,০০০ টাকা (খ) ৮০,০০০ টাকা।
(গ) ১,০০,০০০ টাকা (ঘ) ১,২০,০০০ টাকা

৩২. প্রত্যক্ষ মজুরীর উপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত?
(ক) ৮০% (খ) ৭৫%
(গ) ৫০% (ঘ) ২৫%

৩৩. ক, খ, ও গ একটি অংশীদারী কারবারের ৩ জন অংশীদার। ক ও খ এর বাৎসরিক বেতন যথাক্রমে ২০,০০০ ও ১০,০০০ টাকা। বেতন চার্জ করবার পূর্বে নীট লাভের পরিমাণ ১,৪০,০০০ টাকা এবং তারা ৩ : ২ : ১ অনুপাতে লাভ-লোকসান বন্টন করে নেয়। বন্টনযোগ্য লাভের পরিমাণ কত?
(ক) ১,১০,০০০ টাকা (খ) ১,২০,০০০ টাকা
(গ) ১,৩০,০০০ টাকা (ঘ) ১,৪০,০০০টাকা

৩৪. কোম্পানি প্রথমে যে শেয়ার বিক্রী করে তাকে কি বলে?
(ক) IPO (খ) MPO
(গ) RPO (ঘ) SEC

৩৫. আয়েশা এন্ড কোং ২০১৩ সালের বিজ্ঞাপন খরচ বাবদ ৫ বছরের জন্য ১,২০,০০০ টাকা ব্যয় করে। বছর শেষে উক্ত প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণীতে বিলম্বিত বিজ্ঞাপন বাবদ কত টাকা প্রদর্শন করতে হবে?
(ক) ২৪,০০০ টাকা (খ) ৬০,০০০ টাকা
(গ) ৯৬,০০০ টাকা (ঘ) ১,২০,০০০ টাকা

৩৬. কোনটি পরিবর্তনশীল ব্যয় নির্ণয়ের সূত্র?
(ক) বিক্রয় – স্থায়ী ব্যয় + মুনাফা
(খ) বিক্রয় – স্থায়ী ব্যয় – মুনাফা
(গ) বিক্রয় – অবদান – স্থায়ী ব্যয়
(ঘ) বিক্রয় – মুনাফা + স্থায়ী ব্যয়

৩৭. যারা কোম্পানির শেয়ার বা ঋণপত্র বিক্রয়ের দায়িত্ব গ্রহণ করে তাদের বলে—
(ক) নিরক্ষক (খ) দালাল
(গ) কমিশন এজেন্ট (ঘ) অবলেখক

৩৮. একটি কারবারে মোট বিক্রয়ের পরিমাণ ২০,০০০ একক, সমাপনী মজুদ পণ্যের পরিমাণ ৪,০০০ একক এবং প্রারম্ভিক মজুদ পণ্যের পরিমাণ ২,০০০ একক হলে উৎপাদনের পরিমাণ কত একক?
(ক) ১৬,০০০ একক (খ) ১৮,০০০ একক
(গ) ২০,০০০ একক (ঘ) ২২,০০০ একক

৩৯. কত সালের আইন দ্বারা অংশীদারী কারবার গঠিত হয়?
(ক) ১৯৯৪ (খ) ১৯৮৪
(গ) ১৯৮১ (ঘ) ১৯৩২

৪০. বিক্রয় সমচ্ছেদ বিন্দুর নিচে নেমে গেলে—
(ক) ক্ষতি হয় (খ) লাভ হয়
(গ) ব্যয় হয় (ঘ) লাভ-ক্ষতি কিছুই হয় না

১	গ	২	ক	৩	গ	৪	ঘ	৫	গ	৬	গ	৭	ঘ	৮	ক	৯	ক	১০	ক	১১	খ	১২	খ	১৩	খ	১৪	খ	১৫	ক	১৬	*	১৭	ঘ	১৮	ক	১৯	গ	২০	ঘ
২১	গ	২২	খ	২৩	খ	২৪	ঘ	২৫	ঘ	২৬	ক	২৭	ক	২৮	ক	২৯	গ	৩০	খ	৩১	ঘ	৩২	গ	৩৩	ক	৩৪	ক	৩৫	গ	৩৬	খ	৩৭	ঘ	৩৮	ঘ	৩৯	ঘ	৪০	ক